



## পরিপত্র

**বিষয়ঃ মন্ত্রিপরিষদ বিভাগ ও খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে বিধিসম্মত ও সঠিকভাবে পদবি ও কর্মস্থল ব্যবহার।**

খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ২৭/০২/২০১৮খ্রিঃ তারিখের ৪০০নং পত্রে খাদ্য অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরে চলতি দায়িত্ব, অতিরিক্ত দায়িত্ব, ভারপ্রাপ্ত কর্মকর্তা, আহরণ ও ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে বিধিসম্মতভাবে ও সঠিকভাবে তাদের পদবি ও কর্মস্থল উল্লেখ করার জন্য সুস্পষ্ট নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগের ২৩/১০/১৯খ্রিঃ তারিখের ৮৫নং স্মারক ও খাদ্য মন্ত্রণালয়ের ০১/১২/১৯খ্রিঃ তারিখের ৪৫৭নং স্মারকের নির্দেশনা মোতাবেক প্রশাসন বিভাগের ০৩/০২/২০২০খ্রিঃ তারিখের ৯৮৫নং স্মারকে সঠিকভাবে পদবি ও কর্মস্থল ব্যবহারের নির্দেশনা প্রদান করা হয়।

এতদসত্ত্বেও লক্ষ্য করা যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরাধীন কতিপয় সহকারী খাদ্য নিয়ন্ত্রক/সহকারী ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক যাদেরকে আহরণ ও ব্যয়ন কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়/ব্যবস্থাপকের কার্যালয় এর দায়িত্ব প্রদান করা হয়েছে; তারা আহরণ ও ব্যয়ন কর্মকর্তার পরিবর্তে জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)/ব্যবস্থাপক (ভারপ্রাপ্ত) এর সীল ব্যবহার করে অফিসিয়াল বিভিন্ন চিঠিপত্র জারি করছেন। তাদের ব্যক্তিগত ফেসবুক পেজ-এ ছবি ও লেখাসহ পোস্ট ও করে থাকেন। যা বিধি সম্মত নয়।

উপরোক্ত বিষয়ের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের বিধিসম্মত ও সঠিকভাবে পদবি ও কর্মস্থল ব্যবহার সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক দায়িত্বশীলতার পরিচয় প্রদানের জন্য সকলকে অনুরোধ করা হলো। পাশাপাশি সংশ্লিষ্ট সকলকে নিম্নরূপভাবে পদবি ব্যবহারের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলোঃ

### সহকারী খাদ্য নিয়ন্ত্রকদের জন্যঃ

কর্মকর্তার নাম পদবি, জেলার নাম ও আহরণ ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্বপ্রাপ্ত জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলার নাম
--

### সহকারী ব্যবস্থাপকদের জন্যঃ

কর্মকর্তার নাম পদবি, সিএসডি'র নাম ও আহরণ ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্বপ্রাপ্ত ব্যবস্থাপকের কার্যালয়, সিএসডি'র নাম, জেলার নাম
---

### উপজেলা খাদ্য নিয়ন্ত্রকদের জন্যঃ

কর্মকর্তার নাম পদবি, উপজেলার নাম ও আহরণ ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্বপ্রাপ্ত জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলার নাম
--

### বিতরণঃ

- ১। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রধান মিলার, পোস্তগোলা সরকারী আধুনিক ময়দা মিল, ঢাকা।
- ৪। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- ৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/ রংপুর। (তার নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহে নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করতে বলা হলো।)
- ৭। সাইলো অধীক্ষক (সকল), .....
- ৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (অবগতি ও পরিপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৯। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), .....
- ১০। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা।
- ১১। ব্যবস্থাপক, .....
- ১২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), .....
- ১৩। সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, .....
- ১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), .....
- ১৫। অফিস কপি।
- ১৬। মাস্টার কপি।

(সারোয়ার মাহমুদ)

মহাপরিচালক

ফোন-৯৫৮৪৮৩৪

ই-মেইলঃ dg@dgfood.gov.bd